মেহেরপুরে জেলা পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর জেলা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযান বিভিন্ন মামলার ৩ জন, মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ জন গাংনী থানা পুলিশের অভিযানে চুরির মামলায় ১ আসামি রয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম মঙ্গলবার দিবাগত রাতভর অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
আজ বুধবার (২৬ জুলাই) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে বাড়ছে ডেঙ্গু রোগী

মেহেরপুর জেলায় আশংকাজনক ভাবে বেড়ে গেছে ডেঙ্গু রোগী। সরকারি হাসপাতাল গুলোতে ডেঙ্গু রোগীর চিকিৎসার পর্যাপ্ত সুযোগ সুবিধা থাকলেও কমিউনিটি ট্রান্সমিশন রোধ করতে এখন চিকিৎসকরা ডেঙ্গু রোগীদের বাড়িতে থেকে চিকিৎসা নিতে পরামর্শ দিচ্ছেন।

সিভিল সার্জন মেহেরপুরের ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রনে আছে বললেও গত ১৬ দিনে মেহেরপুর জেনারেল হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডেই ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছেন ১৫ জন রোগী এবং বর্তমানে ভর্তি আছেন ৫ জন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও মোখলেসুর রহমান পলাশ জানিয়েছেন, ডেঙ্গু পরিস্থিতির যদি আরও অবনতি হয় সেখেত্রেও পরিস্থিতি মোকাবেলায় মেহেরপুর জেনারেল হাসপাতালে পর্যাপ্ত প্রস্তুতি আছে।

সোমবার ২৪ জুলায় মেহেরপুর জেনারেল হাসপাতালে সরেজমিনে দেখা যায়, ডেঙ্গু ওয়ার্ডে বর্তমানে ভর্তি থেকে চিকিৎসা নিচ্ছেন আমদহ গ্রামের মুকুল, মেহেরপুর বড় বাজারের বিশাল দত্ত, তাতি পাড়ার খন্দকার মনিরুল, জুগিন্দা গ্রামের নজরুল ইসলাম এবং গাংনী উপজেলার বাওটের কমল হোসেনের ছেলে হামজা। চিকিৎসা নিয়ে রোগীরা সন্তুষ্টি প্রকাশ করলেও এক রোগীর স্বজন জানান, ডেঙ্গু রোগীদের জন্য বিশেষ মেডিসিন যুক্ত সাদা মশারী তাদের দেওয়া হয়নি।

জেলাতে এই বছরে এখন পর্যন্ত মোট কতজন ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন তার সঠিক পরিসংখ্যান নেই স্বাস্থ্য বিভাগের কাছে। শুক্র ও শনিবার মেহেরপুরে অনেক অতিথি চিকিৎসক যত্রতত্র প্রাইভেট চেম্বারে রোগীদের চিকিৎসা দিয়ে থাকেন, তারা যে সকল ডেঙ্গু রোগীদের চিকিৎসা দেন সে তথ্য জেলা স্বাস্থ্য বিভাগ পর্যন্ত পৌছায় না। এজন্য বিশেষজ্ঞরা আহবান জানিয়েছেন রোগী চিকিৎসা যেখানেই করুক না কেন, ডেঙ্গু পজিটিভ হলেই যেন নিকটস্থ সরকারি হাসপাতালে অবহিত করে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার বলেন,’ সরকারি নির্দেশনা মোতাবেক মেহেরপুর জেনারেল হাসপাতালে একটি ডেঙ্গু কর্নার ও একটি ডেঙ্গু ওয়ার্ড খোলা হয়েছে। প্রয়োজনে ডেঙ্গু ওয়ার্ডে শয্যা সংখ্যা আরও বাড়ানো হবে। হাসপাতালে যেকোনো জ্বরের রোগী আসলেই তাদের আগে ডেঙ্গু কর্ণারে নিয়ে পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। পরে জরুরি বিভাগ ও অন্যান্য বিভাগে চিকিৎসার জন্য পাঠানো হচ্ছে। মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ডেঙ্গুর সকল পরীক্ষা সরকার নির্ধারিত সুলভ মুল্যে করা হচ্ছে।‘

তবে তিনি ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় মেহেরপুরের স্থানীয় সরকার বিভাগের ভুমিকাতে ক্ষোভ প্রকাশ করেন, বিশেষ করে মেহেরপুর পৌর কর্তৃপক্ষের মশকনিধন কার্যক্রম না থাকায়।

মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন বলেন, মশক নিধন অভিযান শুরু করা হয়েছে। আজ (আগামীকাল) মঙ্গলবার থেকে আরো জোরদার করা হবে এবং সচেতনতার জন্য বিশেষ প্রচারের ব্যবস্থা করা হবে।

সিভিল সার্জন জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন,’ রাজধানী সহ সারা দেশের ৬৪ টি জেলাতেই থাবা পড়েছে ডেঙ্গুর। ডেঙ্গু রোগে আক্রান্ত

রোগীর সংখ্যা বিগত বছরগুলো তুলনায় এবার অনেক বেশি। প্রতিদিন সারাদেশেই বাড়ছে এ রোগে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা। তবে এখন পর্যন্ত মেহেরপুর জেলার ডেঙ্গু পরিস্থিতি সামগ্রিকভাবে ভালো।‘

মুজিবনগরে মৎস্য সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন

“নিরাপদ মাছে ভরবো দেশ গড়বো সোনার বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টায় মুজিবনগর উপজেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তরের আয়োজনে মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের হয়ে ভবের পাড়া মোড় প্রদক্ষিণ করে পুনরায় উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।পরে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষনা করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র উপেজলা মৎস্য অফিসার গোলাম সরোয়ার, উপেজলা স্বাস্থ্য কমপ্লেক্স আরএমও তৌফিক আহাম্মেদ, উপজেলা সমবায় অফিসার জহুরুল আমিন, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুব আলম,মুজিবনগর
সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, আওয়ামী মৎস্যজীবী লীগ সভাপতি মহসিন আলী প্রমুখ।

অনুষ্ঠান শেষে উপজেলার ৩জন সফল মৎস্য চাষীকে পুরস্কৃত করা হয। অনুষ্ঠান পরিচালনা করেন ফিল্ড এ্যাসিস্ট্যান্ট ফজলুল হক।

মুজিবনগরের দুই ইউনিয়নে স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন অনুষ্ঠিত

মুজিবনগরের বাগোয়ান ও মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পি ডব্লিউ ডি আই রেস্ট হাউজে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুত কমিটির আহবায়ক মতিউর রহমান মতিনের সভাপতিত্বে এবং সদস্য সচিব আইয়ুব হোসেন এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার বাগওয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য বাবুল মল্লিক, মুজিবনগর উপজেলা শ্রমিক লীগের সভাপতি ও মোনাখালি ইউনিয়ন পরিষদের সদস্য আবুল কালাম আজাদ। দারিয়াপুর ইউনিয়ন পরিষদের সদস্য রাসেল উদ্দীন, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য ইসরাফিল আলম পালু। উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব। মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সম্মেলন কমিটির সদস্য শাহরিয়ার আজম পরাগ, আনিসুর রহমান শুভ, রোকনুজ্জামান রোকন, মেহেদী হাসান বগা, রাব্বি,শাহঅলিউল্লাহ সোহাগ জুয়েল রানা, সুমন আহমেদ। দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাজাহান সিরাজ দোলন, সাধারণ সম্পাদক লিংকন, মহাজনপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাসেল আহমেদ, সাধারণ সম্পাদক ইউনুস আলীসহ উপজেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীবৃন্দ।

সম্মেলনে ইশতিয়াক কে বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি

এবং সোহানুর রহমান সোহানকে সাধারণ সম্পাদক ঘোষণা করা হয়।

এবং মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য আবু নঈম ডালিম কে মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এবং মোনাখালী ইউপি সদস্য আলাউদ্দিনকে মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক হিসাবে ঘোষণা করা হয়।

সম্মেলন শেষে উপজেলার কেদারগঞ্জ বাজারে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পক্ষ থেকে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরের সাংবাদিকদের সাথে ডিসির মতবিনিময় সভা

মেহেরপুরের সাংবাদিক ও গণমাধ্যম কর্মীদের সাথে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় সভা করেছেন মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো: শামীম হাসান।

আজ মঙ্গলবার (২৫ জুলাই) বিকালে জেলা প্রশাসকের সভাকক্ষে এই মতবিনিমিয় সভা অনুষ্ঠিত হয়।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) আব্দুল কাদির ও ডিডি এলজি শামীম হোসেন উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি মাহাবুব চান্দু, সিনিয়র সাংবাদিক রফিক উল আলম, যমুনা টিভির সাংবাদিক রামিজ আহসান।

এসময় মেহেরপুর জেলা প্রেসক্লাব, মেহেরপুর প্রেসক্লাবের নেতৃবৃন্দ ও জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট, অনলাইন ও টিভি চ্যানেলের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় জেলা প্রশাসক জেলার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য

রাখেন। এসময় সাংবাদিকরাও আগামীতে জেলা প্রশাসককে নিয়ে বিভিন্ন কথা তুলে ধরেন।

মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

নিরাপদ মাছে ভরবে দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ, এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩ উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ মঙ্গলবার (২৫ জলাই) সকালে জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের নেতৃত্বে র্যালীটি মেহেরপুর পাবলিক লাইব্রেরী চত্বর থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়।

র্যালীতে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) আব্দুল কাদির মিয়া, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জাকির হোসেনসহ বিভিন্ন শ্রেনী পেশার লোক র্যালীতে অংশগ্রহণ করেন।

পরে জেলা প্রশাসক শামীম হাসান ভৈরব নদে মাছের পোনা অবমুক্ত করেন। এসময় জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান সহ অন্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে কলারকান্দি ও কফির

চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা

গাংনীতে দুলু শেখ নামের এক কৃষকের আড়াই বিঘা জমির কলারকান্দি ও এক বিঘা জমির কফি চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা।

সোমবার(২৪ জুলাই) দিবাগত রাতের কোনো এক সময় যুগিন্দা গ্রামের ব্যাঙ গাড়ির মাঠে এই ঘটনা ঘটে। কৃষক দুলু ওই গ্রামের মৃত শুকুর শেখের ছেলে।

কৃষক দুলু জানান, বছর চুক্তিতে দেড় বিঘা জমি ৫০ হাজার টাকায় লিজ নেন। এক লাখ ৫০ হাজার খরচ করে জমিতে এক হাজার কলাগাছ রোপন করেন। চার লাখ টাকার বিক্রয়ের আশা নিয়েছিলেন। রাতের আঁধারে কে বা কারা চার শতাধিক কলার কান্দি ও এক বিঘা জমির কপি গাছ কেটে দেয় দূর্বৃত্তরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী থানায় শীততাপ নিয়ন্ত্রিত লাশ রাখা ঘরের উদ্বোধন

গাংনী থানায় শীততাপ নিয়ন্ত্রিত লাশ রাখা ঘরের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার দুপুরে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এ ঘরের উদ্বোধন করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,পুলিশ সুপার মো: রাফিউল আলম, গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা

ইয়াসমিন,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, আওয়ামী লগি নেতা মনিরুজ্জামান আতু প্রমুখ সহ বিভিন্ন ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ।

উল্লেখ্য, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের নিজ অর্থায়নে গাংনী থানা পরিষদ চত্তরে মরদেহ রাখার শীতাতাপ নিয়ন্ত্রিত ঘর নির্মাণ করে দেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার পুলিশী অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২, সিআর মামলায় ১ ও ১৫১ ধারায় ২ জন আসামি এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি রয়েছে।

সোমবার রাতের বিভিন্ন সময়ে দুটি উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করে বলেন, গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ আটক ২

মেহেরপুরে ৫ গ্রাম হেরোইনসহ দুই হেরোইন বিক্রেতাকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আটকরা হলেন, সদর উপজেলার বারাদী গ্রামের আলাল উদ্দীনের ছেলে বাকী মন্ডল (৪৫) ও একই গ্রামের আজিজুল হকের ছেলে চমন আলী (৩০)।

সোমবার দিবাগত রাতে বারাদী ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মফিজুল ইসলাম গোপন সংবাদে সঙ্গীয়ফোর্সসহ অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ তাদের দুজনকে আটক করেন।

হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের হয়েছে। মামলা নং ৩৬, তারিখ ২৪/০৭/২৩ ইং

আটক দুই মাদক বিক্রেতাকে আজ মঙ্গলবার (২৫ জুলাই) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।